দর্শনা-মুজিবনগর মহা সড়কে কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর মহাসড়কে টু লেন নতুন রাস্তার কাজের উদ্বোধন হয়েছে।

গতকাল শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা বাস স্টেশন চত্বরে দর্শনা- মুজিবনগর সড়ক উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে রাস্তা উদ্বোধন করেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মনিরা পারভীন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু, নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলাম, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যান জাকারিয়া আলম, ঠিকাদার জহিরুল ইসলাম, আ’লীগ নেতা- বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, গোলাম ফারুক আরিফ, যুবলীগ নেতা- আব্দুল হান্নান ছোট প্রমুখ।

দর্শনা-মুজিবনগর সড়কে টু লেন নতুন রাস্তার কাজ দামুড়হুদা উপজেলার দর্শনা থেকে নাটুদহ ২৩ কিলোমিটার পর্যন্ত ১ শত ২০ কোটি টাকা ব্যয় ও মেহেরপুর মুজিবনগর উপজেলার ৭ কিলোমিটার পর্যন্ত রাস্তার কাজে ২৯ কোটি টাকা মোট ১ শত ৪৯ কোটি টাকা ব্যয়ে রাস্তা নির্মাণ করা হবে।

চুয়াডাঙ্গায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির জেলা

সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি (মার্কসবাদী) চুয়াডাঙ্গা জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১১টায় শহরের টাউন ফুটবল মাঠের পাশে জেলা কার্যালয়ে এ সম্মেলন অনুষ্টিত হয়। সম্মেলনে কমরেড সৈয়দ মজনুর রহমানকে সভাপতি ও কমরেড আলাউদ্দিন উমরকে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট দ্বিবার্ষিক কমিটি গঠন করা হয়।

সম্মেলনে সভাপতিত্ব করেন জেলা শাখার সদস্য কমরেড মুনসুর আলী। প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য মিজানুর রহমান ভিটু।

সম্মেলনে দ্বিবার্ষিক কমিটি ঘোষণা করা হয়। কমিটির নেতারা হলেন সভাপতি কমরেড সৈয়দ মনজুর রহমান, সাধারণ সম্পাদক কমরেড আলাউদ্দিন উমর, সাংগঠনিক সম্পাদক কমরেড আব্দুস সামাদ, কোষাধ্যক্ষ কমরেড অ্যাডভোকেট বদর উদ্দিন, দপ্তর সম্পাদক কমরেড মুনসুর আলী এবং সদস্য নির্বাচিত হন কমরেড ডা. আব্দুর রশিদ, কমরেড সেকেন্দার আলী, কমরেড ফরহাদ হোসেন, কমরেড কল্পনা বেগম ও কমরেড দোস্ত মোহাম্মদ।

চুয়াডাঙ্গায় তারেক রহমানের ৫৬তম জন্ম বার্ষিকী পালন

চুয়াডাঙ্গায় প্রতিনিধি জানান, চুয়াডাঙ্গায় রজব আলী সুপার মার্কেটে জেলা বিএনপির কার্জলয়ে চুয়াডাঙ্গা জেলা বিএনপির আয়োজনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা ৬ টার সময় তারেক রহমানের ৫৬তম জন্মদিন পালন করা হয়।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর এবং মেয়র

পদপ্রার্থী মোঃ সিরাজুল ইসলাম মনির সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বােচেন বিএনপির মনোনীত প্রার্থী জনাব শরীফুজ্জামান শরীফ।

তিনি বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ও বিএনপির চেয়ারপার্সন সাবেক প্রধানমন্ত্রী দেশমাতা বেগম খালেদা জিয়ার পুত্র এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৬ তম জন্মদিনে আমাদের কে শপথ নিতে হবে সকল অন্যায় অনিয়ম বিরুদ্ধে সকল দেশ প্রেমিক জনগণকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে এই বিনা ভোটের সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবু, জেলা বিএনপির সাবেক যুগ্ম-সম্পাদক মাহমুদ হাসান পল্টু, জেলা সেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি খায়রুল ইসলাম, যুগ্ম-সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, পৌর বিএনপির সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, জেলা সেচ্ছাসেবক দলের সহ-সভাপতি হাফিজুর রহমান মুক্ত।

আরও উপস্থিত ছিলেন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি শেরেগুল ইসলাম বিশ্বাস, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, নাজমুল হক নাজমুল, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সাধারণ সম্পাদক হাসান মাস্টার, রুবেল হাসান, তুহিন ইসলাম তুহিন, মিঠু, পলাশ, জেলা ছাত্রদলের নেতা এম এম মোস্তফা, শাহাবুদ্দিন, জেলা ছাত্রদলের যুগ্ম-সম্পাদক আমানুল্লাহ আমান, আকাশ, জিতু হাসান, আমের হোসেন, আবিদ, রাসিব, আরিফুল, আরমান।

যে কোন সময় ব্যাংক ডাকাতিতে

জড়িততরা গ্রেফতার হবে- খুলনার ডিআইজি

চুয়াডাঙ্গার জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনায় জড়িতদের কাউকে ছাড় দেয়া হবে না বলে জানিয়েছেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন। ক্লু ধরে মামলার বিষয়ে অনেক দূর এগিয়েছে পুলিশ।অপরাধী যেই হোক তাকে শাস্তির আওতায় আনা হবে বলেও জানান তিনি।

আজ বৃহস্পতিবার দুপুর ২টায় চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে বিট পুলিশিং সভায় যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে একথা বলেন তিনি। তিনি জানান, ৫ দিন হলো ঘটনাটি ঘটেছে। এরই মধ্যে ঘটনাস্থল থেকে উদ্ধার করা আলামতের সূত্র ধরে অনেক দূর এগিয়েছে পুলিশ।

খুব শিঘ্রই অপরাধীদের গ্রেফতার করে সামনে নিয়ে আসা হবে। অপরাধীদের চিহ্নিত করে গ্রেফতার করতে গুরুত্ব দিয়ে কাজ করছে পুলিশের বিভিন্ন বিভাগ। ডিআইজি বলেন, ব্যাংক ডাকাতির ঘটনায় জড়িতদের গ্রেফতার এখন সময়ের ব্যাপার। ব্যাংক ডাকাতির ঘটনায় গত ৫ দিন ধরে পুলিশের বেশ কয়েকটি টিম দিনরাত কাজ করেছেন। তদন্তে গুরুত্বপূর্ণ তথ্য পুলিশের হাতে এসেছে। দুই একদিনের মধ্যেই এর সাথে জড়িতদের গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে।

চুয়াডাঙ্গা শিল্পকলা একাডেমি চত্বরে আয়োজিত বিট পুলিশিং সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম। প্রধান অতিথি ছিলেন খুলনা রেঞ্জের ডিআইজি ড. খন্দকার মহিদ উদ্দিন বিপিএম (বার)। বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান শেখ সামসুল আবেদিন খোকন, সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নানসহ অন্যরা।

উল্লেখ্য,গেল রোববার দুপুর ১টার দিকে জীবননগরে উথলী সোনালী ব্যাংক শাখায় দিনে দুপুরে ডাকাতির ঘটনা ঘটে। এসময় হেলমেট ও পিপিই পরিহিত তিন অস্ত্রধারী ব্যাংক কর্মকর্তাদের অস্ত্রের মুখে জিম্মি করে নগদ ৮ লাখ ৮২ হাজার ৯০০ টাকা লুট করে পালিয়ে যায় ডাকাতরা।পরে ঘটনার দিন রাতে বাদী হয়ে জীবননগর থানায় অজ্ঞাত তিনজনকে আসামী করে একটি মামলা দায়ের করেছেন ব্যাংকের ব্যবস্থাপক আবু বক্কর সিদ্দিক।

জীবননগরে কৃষকদের মাঝে বিনামূল্যে ধান বীজ বিতরণ

জীবননগরে প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টার সময় বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর আয়োজনে উপজেলা সাহিত্য পরিষদে জীবননগর উপজেলার ১৬৭জন কৃষকদের মাঝে বিনামূল্যে ধানের বীজ বিতরণ করা হয়।

বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর কৃষি বীদ জি এম মাসুদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষকদের মাঝে ধানের বীজ বিতরণ করেন জীবননগর উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপসহকারী কৃষি কর্মকর্তা জাহাঙ্গীর আলম, বায়ার ফর বাংলাদেশ কোম্পানীর এম ডি ও বাবুল আক্তার, এম ডি ও ইখলাচুর রহমান। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন এসি হারুন আর রশীদ।

দর্শনা থানার ওসি পঞ্চম বারের মতো জেলার শ্রেষ্ঠ অফিসার মনোনীত

চুয়াডাঙ্গা জেলার দর্শনা নতুন থানা হিসেবে ঘোষণার পর প্রথম ওসি হিসেবে দায়িত্বে যোগদান করেন ওসি মাহাব্বুর রহমান কাজল।

নতুন দর্শনা থানাতে যোগদান দিতে না দিতেই দর্শনার বড় বড় মাদক ব্যাবসায়ীদের ঘুম হারাম হয়ে যায় ওসি মাহাব্বুর রহমান কাজল এর কারণে।

মাদক বিরোধী অভিযান চালিয়ে একে একে ছোট- বড় বিভিন্ন মাদকের চালান ধরা পড়ে তার কাছে। আর সততার সাথে দায়িত্ব পালন ও অন্যায় কে আপোশ না করার কারণে পঞ্চম বারের মত জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ মনোনীত হলেন দর্শনা থানার অফিসার জনাব মাহাব্বুর রহমান কাজল।

গতকাল ১৯/১১/২০২০ ইং তারিখ পুলিশ সুপার কর্তৃক আয়োজিত বিশেষ কল্যাণ সভায় ক্রেস্ট এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন খুলনা রেঞ্জ ডিআইজি ড. খঃ মহিদ উদ্দিন বিপিএম বার।

দর্শনার পারকৃষ্ণপুরে কৃষিতে নারীর অংশ গ্রহণ বিষয়ক সভা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদে কৃষি কর্মে নারীর অংশগ্রহণ নিশ্চিত করণে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার দুপুর ১২ টায় দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ হলরুমে অনুষ্ঠিত মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ। পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন প্যানেল চেয়ারম্যান মোঃ আব্দুর রহমান।

মতবিনিময় সভায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বিভিন্ন গ্রামের নারীরা অংশগ্রহণ করেন।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় গরু ব্যবসায়ীর মৃত্যু

আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের কালিদাসপুর আসাননগর ব্রীজের নিকট সড়ক দুর্ঘটনায় এক গরু ব্যবসায়ী নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো দুজন। নিহত আলমগীর হোসেন কুষ্টিয়ার আবদালপুর গ্রামের মৃত শামসুল বিশ্বাসের ছেলে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল বুধবার দুপুরে চুয়াডাঙ্গা-কুষ্টিয়া মহাসড়কে কুষ্টিয়া থেকে আসা একটি গরুটানা ট্রলির চাকা সড়কের একটি গর্তে আটকে গেলে পেছন থেকে আসা একটি পাওয়ারটিলার ওই ট্রলিকে ধাক্কা দেয়। এতে আলমগীর হোসেন গাড়ি থেকে ছিটকে সড়কের উপর পড়ে যান।

পেছনের পাওয়ারটিলার নিয়ন্ত্রণ হারিয়ে আলমগীর হোসেনের শরীরের উপরে উঠে পড়লে ঘটনাস্থলেই তিনি মারা যান। গরুটানা ট্রলিটি কুষ্টিয়ার আবদালপুর গ্রাম থেকে গরু নিয়ে আলমডাঙ্গার পশুহাটে আসছিল।

এ ঘটনায় আহত হয়েছেন একই এলাকার আশরাফুল ও ফিরোজ হোসেন। স্থানীয়রা আহত দুজনকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।

আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পাওয়ারটিলারটি হেফাযতে নেয় এবং নিহত আলমগীর হোসেনের লাশ তার পরিবারের কাছে হস্তান্তর করে। পুলিশ ঘাতক পাওয়ারটিলারটিকে থানায় নিলেও এর চালক পলাতক রয়েছে।

দামুড়হুদায় ৫০ মিটারের ব্যবধানে ২টা ইট ভাটা

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের তারিনী পুরে নিয়ম নীতির তোয়াক্কা না করে, কৃষি জমিতে ৫০ মিটারের ব্যবধানের

মধ্যে গড়ে উঠেছে দুইটি ইট ভাটা।

পরিবেশ অধিদপ্তরে নাম মাত্র আবেদন করে ছাড় পত্র ছাড়াই ইট ভাটা মালিকরা আবাদি জমি ও জনবসতি এলাকায় রাত দিন ইট পোড়ানোর কাজ চালিয়ে যাচ্ছেন। ইট ভাটার বিষাক্ত ছাই ও কালো ধোঁয়ায় ফলন হ্রাসের আশঙ্কা দেখা দিয়েছে, শত শত একর জমির বোরো ধান, রবিশস্য, এবং আমসহ বিভিন্ন ফসলের।

সেই সাথে স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে ইট ভাটার পাশ্ববর্তী এলাকার সাধারণ মানুষ।

সরজমিনে গিয়ে দেখা যায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রাম পুর-তারিনী পুর গ্রামে বিস্তীর্ণ কৃষি জমিতে মেসার্স নিউ শেখ ব্রিকস ও হেড ব্রিকস নামের দুইটি ইট ভাটা গড়ে উঠেছে।

এসব ইট ভাটার একটিও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই, পরিবেশ অধিদপ্তরের নাম মাত্র আবেদন করে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে ট্রেড লাইসেন্স নিয়ে চলছে ইট পোড়ানোর কাজ। ইট ভাটার আয়তন দুই একরের মধ্যে সীমাবদ্ধ রাখার নিয়ম থাকলেও বিস্তৃর্ণ এলাকা দখলে নিয়েছেন তারা। ভরাট করেছেন পানি নিষ্কাশনের পথ। স্থানীয়দের অভিযোগ, ইট ভাটার মালিকরা প্রভাবশালী হওয়ায় সরকারি নিয়ম নীতির তোয়াক্কা করছেন না।

জয়রাম পুরের কৃষক বজলু, তাহের, রমজান, মনিরুল, জানান ইট ভাটার মালিকরা জমি ভাড়া নিয়ে ইট পোড়ানোর কাজ করছেন। এসব ইট ভাটার কালো ধোঁয়ায় পাঁচ ছয় বছর ধরে বোরো ও আমন ধানের ফলন বিঘা প্রতি ছয় সাত মণ কমে এসেছে, ভাটার কালো ধোঁয়া সব চেয়ে বেশি ক্ষতি করছে বিভিন্ন বাগানের, ধোঁয়ার বিষক্রিয়ায় কয়েক বছর ধরে এ এলাকায় আম, কাঁঠাল, নারকেল সহ বিভিন্ন ফল ধরাও কমে গেছে।

উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান জানান, জমির উপরিভাগের মাটি দিয়ে ইট তৈরি করার কারণে ওই এলাকার জমির উর্বরা শক্তি দিন দিন কমে যাচ্ছে, এটা কৃষির জন্য মারাত্মক হুমকি, শিগগিরই দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসারের সাথে এ বিষয়ে আলোচনা করা হবে।

চুয়াডাঙ্গা তারেক জিয়ার জন্মদিন পালনে পুলিশি বাধা

চুয়াডাঙ্গায় তারেক জিয়ার জন্মদিন উপলক্ষে এক আনন্দ মিছিলের আয়োজন করে চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

গতকাল বিকাল ৪ টার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে সমবেত হয়ে মিছিল নিয়ে প্রধান সড়কে উঠলে পুলিশের বাধায় তা পন্ড হয়।

পরে সাহিত্য পরিষদ চত্বেও জেলা যুবদলের যুগ্মসম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব এর সভাপতিত্বে এক বিক্ষব সমাবেশে অনুষ্ঠিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান।

আরো বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা যুবদলের সহ-সভাপতি তরিকুল ইসলাম সোহেল, সহ-সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, জেলা যুবদলের সদস্য খায়রুল আলম, রফিকুল ইসলাম, চৌধুরী আলম বাবু, নাজমুল হক, সদর থানা যুবদলের নেতা ইমরান মহলদার রিন্টু, হামিদুল ইসলাম হামিদ, হাবিবুর রহমান জোয়ার্দার মানিক, আবু হেনা,

পৌর যুবদলের যুগ্ম আহবায়ক অপু মালিক, আলমডাঙ্গা পৌর যুবদলের সদস্য সচিব মো: সাইফুদ্দিন আলম কনক, যুগ্ম আহবায়ক হাফিজুর রহমান, রোকনুজ্জামান রোকন, শামিম হাসান, সুমন, হাসান মালিক, আজিজুল আজিজ, শিপলু, আব্দুল সামাদ, ফজলু, মামুন, ফারুক প্রমুখ।